নুংশাগী মৈশানা ওলাংবনা থৌরানীদো মফম মরাং খঙলমদে। অসোমদা অমুক চাকথোংবগী ঈশিংসু য়াম্না লৈরমদে। শাউনিংবনা মৈ হৌরম্মি মদোমতা। হৌজিক মৈ-মুক শারবা নুংশা মরকসিদা অমুক ইশিং পুন পুন হোন্দোরিবা ঐনমুক, অস্ তনখ্রেদা। মদোমতা খঞ্জে, চাকথোংফম মনাকসিদা ঈশিংগী ঈফুৎ অমত্তং লৈরম্মদি ফগদবা। ৱাখনদা খন্না খন্না খঙহৌদনা চিন থোক্লা হাইদোকখি, 'ফুঙ্গা লাইরু অসিদা ঈশিং ঈফুৎ অমা থোরক্লবদি কয়া নুংঙাইজগনি। অসোমদা চাকথোংফমগী নাকনদা শয়তান অমা হায়বদি ফত্তবা লাই অমা ফমদুনা লৈরম্লিবা ওইরে। থৌরানীদুনা হায়বা ৱা পূম্লমকতো মাদি তারম্লি, মসিগী কতন থৌরানীসে ঙসিদি খঙগনি, তাঞ্জা অমা চপ চানরে। খুদক্তুদা

লাইরুগী তোংতক তৌবা মফমদুদগী বুৎ বুৎ তৌনা ঈফুৎকী মওংদা ঈশিং থোরকহনখি। থৌরানীসু মথম্মোয়দা নুংঙাইখ্রেদা খন্দুনা নুংঙাইনা ঈফুৎ অদুদগী ঈশিং লৌদুনা চাক থোংবা লোইশিল্লি। অসোমদা ঈশিং লেপ্পা লৈতনা থোরক্লি, ঈফুৎতগী ঈশিং থোরকপা লেপ্তে। থৌরানীদু মদু খঙদে, উদে। মথং মথং ঈশিংনা চাকখুমদো থনখিরম্মি। থৌরানীদুনা ৱাখন তারকপদা করিমত্তা তৌনিঙাই লৈরমদ্রে। লোইনা থুমখিরম্মি। খঙহৌদনা ইমুঙ-মাঙ্গোন, শঙ্গোয়, চরুফুদিৎ, ষণ-ইরোই, লৈকায় লৈকায়, হিঙ্গোন, উ-ৱা মথং মথং ঈশিং ঈচাউদা পুংথুম থুমখি। অদুদগী চাউরবা পুখ্রী অসে বলাই পুখ্রী হায়দুনা ময়াম্না থোনখিবনি।

থৌদোক অদুগী তুংদা চহি কয়া হৌখরে। মতমগী মতুঙ ইন্না পুখ্রী অদুগী মায়কৈ মরীদা অনৌবা খুঙ্গং, লৈরক-লৈকায়, শংবানরবা লৌবুক, মখল মথেনগী হৱাই, উচেক, শা-ঙা অমসুং মীওইবনা পুমথন থনখিরম্মি। ময়াম পূন্নমক্কী চিনবান চিনবানদা বলাই পুখ্রীগী ৱারী। বলাই বামোনদো ঙসিসু হিংলি মতাগুম ময়াম্না মহাক্কী ৱারী শান্নরি। মদুগী মরম অমসু লৈরম্মি। ঈশিং মনুঙদা লুপখিদুনা লৈখিদ্রবা বলাই ঠাকুর, তাইবং মরক্তা লৈত্রবসু ঠাকুরগী মীনুংশি চাউবা থম্মোয়দুদি মাঙখিরমদে। খুঙ্গংগী থৌদোক অমা হেক থোকপগা, লন থুম লৈজদ্রবা য়ুম্বু ওইরিবা পূন্নমক্তা নোংমা নিনি মমাঙদা পুখ্রী অদুগী থোঙ্গ্রা অমদা খুরমদুনা বামোন অদুদা হায়জে, 'হে ঠাকুর, হয়েং ঐগী য়ুমদা ময়াম পিজ-পিথক্কী থৌরম অমা শিঙ্গরি। কৈরোয় লৈকাইগী অহল-লম্মনগী লুক খরসু পিজগে খল্লি। অদুবু ঐগীদি চাক য়েঙ্গ্লাং থোংননবা পুখ্রম-তেঙ্গোৎ, চাকথোং চফু, কোন্দেক মতীক চানা লৈজদে। ঐবু অমুক্তা কনবিয়ু প্রভু।' মথংগী নুমিৎতা পুখ্রীগী ঈশিংদা লুপাগী পুখম-তেঙ্গোৎ, চাকথোং চফু, খুজাই, কোন্দেক মঙা/তরা, অনী/অহুম তৌনা তাউদুনা লৈরম্মি। ময়াম পিজ-পিথক লোইরবা মতুঙ থবক-থৌরম লোইশিল্লগা পুখম তেঙ্গোৎনচিংবা কোনলিক পূন্নমক ফজনা ফেংদোকপিরগা পুখ্রীদুদা অমুক থাদরম্মি। নুংঙাল্লকপগা পূন্নমক ঈশিং মনুঙদা লুপখিরম্মি। নুমিৎকী মঙাল থোরকপগা লোইনা মাঙখিরম্মি, বলাই ঠাকুরগী নাক্তা চৎখিরম্মি। ৱারী অসে মথং মথং লৈকাই অমদগী লৈকাই অমা, চিন অমদগী চিন অমা তৌনা অসুম মীয়ামদা শন্দোকখিবদগী, শঙ্গু শঙ্গু লাক্কুনা পুখ্রী মপানদা অদুম্না খুরমবদুনা হায়জবগা মখোয়গী মথৌ তাবা পোৎ-চৈ পূন্নমক ফংলম্মি।

অদুবু নোংমদি কুম্মৈ-থৌরম অমগী মতুঙদা নুপী অমনা লুপাগী সনাপুন অমা লোৎশন্দুনা থমজিল্লম্মি। থৌরম লোইরগা পুখ্রীদুদা থাদরম্বা পুখম-তেঙ্গোৎ নুংঙাল্লকপদসু অদুম তাউদুনা লৈরম্মি, অমত্তা লুপখিরমদে। তৌরিবা মওংদুদা খুঙ্গংগী অহল লম্মন, পাখং-লৈশাবী লোইনা পুখ্রীদুগী মায়কৈ মরীদা য়েংদুনা লৈনখি। কদোমদগীনো খঙহৌদনা নোংথক্তগী দৈববাণী ওইনা খোল্লাউ অমা লাউরকই– 'নখোয় ময়ামগী মনুঙদা কনাগুম্বা অমনা লুপাগী সনাপুন অমা হুরানখ্রে। অদুনা মাঙখিবা সনাপুন অদু পিরকত্রিবমখৈ তাউদুনা লৈরিবা পুখম-তেঙ্গোৎ পূন্নমক অমত্তা লুপথরোই, মশাগী মফমদা হনখিরোই। খুদক্কুদা খুল্লক্কী ময়াম চঙনা থি-হুমদুনা মাঙখিবা লুপাগী সনাপুন অদু পুথোরকখি অমসুং পুখ্রীদুদা থাদরম্মি। তাউদুনা লৈরম্বা পোৎচৈ পূন্নমক ঈশিং মনুঙদা লুপখিরম্মি, অদুবু নুমিৎ অদুদগী হন্না হন্না খুরমজরবসু হায়জরবসু বলাই

ঠাকুরনা অমুক হন্না তাবিখিদ্রে। পুথ্রীগী ঈশিং মথক্তা পোৎচৈ তাউরকখিদ্রে। অমুক্তা ৱারী ময়ামসে শোর হোন্দনা হায়রগা তুমিন্না লৈখিরম্মি ইমাদো।

'ধ্যাৎ, হৌজিক্কী মতমসিদা অদুগুম্বা থৌদোকপু থাজরিবো। ওইথোক্তবা ৱা ঙাক্তনি।' অসি হায়রগা পরপ পরপ চাকথোংবা লোইশন্দুনা চাকখুমদা লৈবা নাশিংদো তৈথোকপা নাম্থোকপা হৌগৎলি।

অসোমদা নোংথকলোমদা অতিয়া শিনথুংনা নোংনা পুম্মম মন্নম্মি, মথকলোমদা য়েংদবনিনা ঐসু খঙহৌদ্রে। খঙহৌদনা নোংলৈ নুংশিৎকী কল্লবা শোঁ শোঁ মখোন্না পুন্নিন নিনখিরম্মি। কদোমদনো বজ্র তাবগী অখাক-অরাউ তারম্মি। কৈনো তৌরিসিবো, ঙসিসু শয়তান, ফত্তবা লাই অদো ঐগী চাকখুমগী নাকন্দা ফমদুনা ঐখোয়গী ৱারী ময়ামসে তারম্লিবরা করিনো ...

***

**অইবাঃ** শুক্লা সিংহ, আগরতলা, ত্রিপুরা। বাংলা লোনদা শৈরেং অমসুং ৱারীমচা ইবদা খুৎলোইবা হৌগৎলক্লিবা কবি অমসুং অইবী অমনি। মহাক হন্দোকলোয় অমসুনি। ইংরেজিদগী শৈরেং অমসুং ৱারীমচা কয়া বাংলাদা হন্দোক্লুনা ইন্ডিয়াগী চেফোঙ কয়াদা ফোঙখ্রে। অইবী অসিগী বাংলাদা ৱারীমচাগী লাইরিক অমা ফোঙখরে।

**হামোম প্রমোদ :** কবি, অইবা; মন্ট্রিল, কানাডা।

রমা বিজয় সরকার

# এক বিভীষিকাময় সন্ধ্যারাতের কাহিনি

(১৯৮৫ সালের ১৫ অক্টোবর ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে এক মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। সেদিন সন্ধ্যারাতে অডিটোরিয়ামের ছাদ ধসে ৩৯ জন ছাত্র-ছাত্রীর প্রাণহানি ঘটে-আহত হয় অনেক। সেদিনের সেই মর্মান্তিক দুর্ঘটনার আরেক শিকার ঐ হলের তৎকালীন ছাত্র রমা বিজয় সরকারের স্মৃতিতে সেই সন্ধ্যারাতের কাহিনি)

মানুষের স্বভাবে আছে এক ধরনের স্মৃতিকাতরতা। আমাদের জীবনে অনেক স্মৃতি, অনেক কাহিনি, যেগুলো আমাদেরকে কখনও কখনও তাড়িত করে। কখনো কোনও উজ্জ্বল স্মৃতি মানুষকে উজ্জীবিত করে; আবার কখনো কোনও স্মৃতি বিষাদিত অন্ধকার হয়ে গ্রাস করে জীবনের আলোকিত সময়। আমার জীবনেও আছে এরকম আনন্দ-বেদনার অনেক স্মৃতি। কিন্তু কিছু কিছু স্মৃতি সবকিছুকে আড়াল করে কেমন উজ্জ্বল হয়ে ওঠে। তাই স্মৃতির বেলাভূমে দাঁড়ালেই আজও একটি বিভীষিকাময় সন্ধ্যারাত আমাকে আষ্টেপৃষ্টে জড়িয়ে ধরে-আতঙ্ক আর আড়ষ্টতায় মুহূর্তে গ্রাস করে আমার সোনালী বর্তমান।

সেদিন ছিলো ১৫ অক্টোবর ১৯৮৫। প্রাত্যহিক নিয়মেই এদিনটিরও সূচনা হয়েছিল এক সোনালী সূর্যোদয় দিয়েই। পাখি ডাকছে-প্রকৃতি বিছিয়ে দিয়েছে শান্ত-স্নিগ্ধ ভোরের শ্যামল-কোমল অঞ্চল। স্বাস্থ্যান্বেষী ছাত্র বন্ধুদের অনেকেই বেরিয়ে পড়েছে প্রাতঃভ্রমণে। সবকিছুই সহজ-স্বাভাবিক-আর দশটা দিনের মতোই গতানুগতিক। এভাবেই শুরু হয়েছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের সেই একটি দিনও। কাল শেষ হয়েছে আমার অনার্স প্রথম বর্ষের তত্ত্বীয় পরীক্ষা। সাবসিডিয়ারী ও ব্যবহারিক পরীক্ষার অনেক বাকি। লেখাপড়ার চাপ নেই একটুও। ইচ্ছে ছিল একটু বিলম্বেই শয্যাত্যাগ করবো। কিন্তু খুব ভোরেই ঘুম ভেঙে গেলো, উঠে পড়লাম।

আমি থাকতাম পূর্ব পাকিস্তান আমলে প্রাদেশিক আইন পরিষদ ভবন হিসেবে

ব্যবহৃত এসেম্বলি ভবনের দোতলায় যে চারটি কক্ষ ছিল তার একটিতে। হলের টিভি অডিটোরিয়াম হিসেবে এখন ব্যবহৃত হচ্ছে সেই ঐতিহাসিক সংসদ গ্যালারি। অডিটোরিয়ামের দু'পাশে একতলায় ছিল অনেকগুলো কক্ষ-যেগুলো ছিল বিশ্ববিদ্যালয়ে নবাগত প্রথম বর্ষের ছাত্রদের দ্বারা পরিপূর্ণ। দাঁত ব্রাশ করতে করতেই ছাদে উঠে পড়লাম। দেখলাম অডিটোরিয়ামের ছাদ থেকে অ্যাসবেস্টস নির্মিত ঢেউটিন সরিয়ে ফেলা হচ্ছে। একটু অবাক হলাম। মিস্ত্রিদের সাথে আলাপ করে জানতে পারলাম ছাদ মেরামতের জন্যেই নাকি এ পদক্ষেপ নেওয়া হয়েছে। কারণ, আগে বৃষ্টি হলেই অডিটোরিয়ামের এখানে-ওখানে পানি গড়িয়ে পড়তো। এভাবে আমাদের ভবনের ছাদে না উঠলে বুঝা যেতো না যে এখানে ঢেউটিন সরিয়ে ছাদ মেরামতির কাজ হচ্ছে। অন্য ভবন থেকে অডিটোরিয়ামের ছাদ কোনোভাবেই দেখা যায় না বা অডিটোরিয়ামের ভেতর থেকেও কারো পক্ষে ছাদের এই মেরামতির কাজ দেখা সম্ভব ছিলো না। কেননা, চালের নীচে সিমেন্ট নির্মিত একটি সিলিং থাকাতে তাদের পক্ষে চাল দেখা সম্ভব হতো না।

দিনের ভেতরেই মিস্ত্রিরা সমস্ত চাল খুলে ফেললো। রইলো শুধু মোটা লোহার বিম নির্মিত চালের কাঠামো আর তার নিচে সিলিং। দিন গড়িয়ে সন্ধ্যা হলো। বারটি ছিলো বুধবার-টেলিভিশনে ধারাবাহিক নাটক 'শুকতারা'র দ্বিতীয় পর্ব প্রচারিত হবে। পরিষদ ভবনে প্রবেশের জন্যে একটিই মাত্র করিডোর ছিল-তা আবার অডিটোরিয়ামের পাশ দিয়ে। বাইরে থেকে আসার পথে দেখলাম অনেকেই তাড়াহুড়ো করে অডিটোরিয়ামে ঢুকছে। আমি সোজা দোতলায় নিজের কক্ষে চলে এলাম। জামা-কাপড় বদলে বাথরুম সেরে সবে এসে বসেছি। এমন সময় 'পূর্ববাড়ি' থেকে বন্ধু তপন পণ্ডিত হুড়মুড় করে ঢুকলো আমার কক্ষে। ওর বাড়ী ময়মনসিংহে। এসেই তাড়াহুড়ো। নাটক দেখতে যেতে হবে। ভাত খাওয়াও হয়নি। তপন বললো, নাটকের পর খাওয়া যাবে। অগত্যা রাজি হলাম।

টিভি রুমে প্রবেশ করে দেখলাম হলঘর প্রায় পরিপূর্ণ। মাঝখান দিয়ে হেঁটে সামনে অগ্রসর হলাম। হলঘরের মাঝ বরাবর সম্মুখ থেকে তৃতীয় সারিতে কয়েকটি খালি চেয়ার পেলাম। আমি ও তপন পাশাপাশি বসে গেলাম। আমাদের দু'পাশে আরো দু'টো চেয়ার অতিরিক্ত দখল করে রাখলাম। ততোক্ষণে বন্ধু রঞ্জিৎও এসে গেছে। সে তপনের বামে বসল এবং বললো প্রতাপ আসছে ওর জন্য জায়গা রাখতে হবে। আমি তাকে আশ্বস্ত করলাম। পেছন দিকে ঘাড় বাঁকিয়ে চেয়ে দেখি আমাদের কয়েক সারি পেছনে মোড়েলগঞ্জের (বাগেরহাট) আশীষ ও পরিতোষ। ওরা একই রুমে 'পূর্ববাড়ি'তে থাকে। দূরত্বের কারণে কথা বলা সম্ভব হলো না-কেবল চোখে-চোখেই ভাব বিনিময় হলো।

হলরুম লোকে লোকারণ্য। কয়েক মিনিটের মধ্যেই নাটক শুরু হবে। ইতোমধ্যে প্রতাপ এসে গেছে। তাকে ডান পাশে বসতে দিলাম। বিলম্বে এসেও ভালো একটি আসন পেয়ে সে খুব আনন্দিত হলো।

রাত আনুমানিক পৌনে নয়টা। বাইরে তুমুল বর্ষণ। নাটকও শুরু হয়ে গেছে। বৃষ্টি আর মানুষের শব্দে প্রায়শই চাপা পড়ে যাচ্ছে নাটকের সংলাপ। এদিকে ছাদ থেকে যত্রতত্র বৃষ্টির পানি গড়িয়ে পড়ছে। আমাদের উপরও। অনেকেই দাঁড়িয়ে গেছে



CamScanner

সুবিধাজনক স্থানে সরবার জন্যে। আমরা প্রথমে চেয়ার থেকে উঠে বেরিয়ে আসব বলে কতকটা সরেও এলাম। কিন্তু পরক্ষণেই বৃষ্টি কমে যাবে ভেবে আবার ভেজা চেয়ারেই গিয়ে বসলাম। প্রতাপ কৌতুকছলে বললো–রমা, ছাদ ভেঙে পড়বে নাকি?

এটা কোনো কথা হলো? কিছুটা উষ্মার সাথেই বললাম আমি। কিন্তু তখন কে জানতো আমাদের ভবিতব্য!

মিনিটখানেক পরের কথা। আকস্মিক এক বিরাট আওয়াজে হতচকিত আমি কিছু বুঝে ওঠার আগে আত্মরক্ষার স্বাভাবিক প্রবৃত্তির বশেই চেয়ারে বসা অবস্থা থেকেই সম্মুখে ঝুঁকে লাফ দেওয়ার চেষ্টা করলাম। কিন্তু ততোক্ষণে সব শেষ। অডিটোরিয়ামের পুরো ছাদ সশব্দ পতনে চাপা দিলো হলরুমের শ'দুয়েক ছাত্র, অতিথি ও কর্মচারীদের। বিকট আওয়াজের পর মুহূর্তের ভীতিকর নিঃস্তব্ধতা। চারিদিকে নিশ্ছিদ্র অন্ধকার। ধীরে ধীরে চোখ মেললাম। ছাদ থেকে খসে পড়া ঝুরঝুরে কিছু বালি চোখে এসে পড়লো। জানলাম এখনও বেঁচে আছি। কিন্তু শ্বাস নিতে ভীষণ কষ্ট হচ্ছে। ভ্যাপসা গরম। বালি ও পানিতে একাকার। বুঝতে পারলাম আমি একটি চেয়ারের নীচে পড়ে আছি। উপরে রয়েছে ভেঙে পড়া ভয়ঙ্কর ছাদ।

একসময় আমার মনে হলো আর বেশীক্ষণ বাঁচবো না–মরে যাচ্ছি আমি। মা-বাবার কথা মনে পড়লো–মনে পড়লো কোনো কোনো প্রিয়মুখ। চোখ থেকে নীরবে গড়িয়ে পড়ছে তপ্ত অশ্রু আর প্রতি মুহূর্তে অপেক্ষা করছি ক্রমশ এগিয়ে আসা মৃত্যুর শীতল স্পর্শের জন্যে। কিন্তু মুহূর্তের নিস্তব্ধতা ভেঙে বাতাসে ছড়িয়ে পড়লো ছাদচাপা আহত মানুষের ভয়ার্ত চীৎকার–বাঁচাও, বাঁচাও। বাঁচার সে তীব্র আর্তিই আমাকে জাগিয়ে দিলো ক্রমশ নীচে টেনে নিয়ে যাওয়া অন্ধকারের সেই চোরাবালি থেকে। মনে হলো, আমি বেঁচে আছি। তাই চেষ্টা শুরু করলাম নিজেকে মুক্ত করার। পা দু'টোকে টানলাম। বুঝলাম কোথাও আটকে নেই। আমার পা আমারই নিয়ন্ত্রণে আছে। তারপর হাত টেনে আনতে চাইলাম। ডান হাত সাড়া দিলো। কিন্তু বাঁ হাত আসছে না। ডান হাত দিয়ে বাঁ হাতকে ছাড়িয়ে আনতে চাইলাম। কিন্তু সম্ভব হলো না–বাঁ হাতের তালু ভেদ করে চেয়ারের পাইপ বেরিয়ে গেছে। তার উপরে ছাদ। ডান হাতে ছাদকে উপরের দিকে ঠেলতে চাইলাম। কিন্তু একটুও নড়লো না। উপায়ান্তর না দেখে পিঠ মেঝেতে ঠেকিয়ে দু'পা দিয়ে ছাদ উপরের দিকে উঠাতে চেষ্টা করলাম। ব্যর্থ হলাম এবারেও। হতাশ হয়ে নিঃসাড় পড়ে রইলাম।

ততোক্ষণে জগন্নাথ হলেরই অন্যান্য ভবন এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল থেকে আমাদেরকে উদ্ধারের জন্য হাজার হাজার ছাত্র-জনতা ছুটে এসেছে। উদ্ধারকর্মীরা ধসে পড়া ছাদের উপর দিয়ে দৌড়াদৌড়ি করছে। তার ফলে আমাদের অবস্থা আরও সঙ্গীন হয়ে উঠলো। কিছুক্ষণ পর শুনলাম কে যেন আমার নাম ধরে ডাকছে। বুঝলাম রঞ্জিৎ। আমি তার ডাকে সাড়া দিলাম, বললাম–আমি এখানে। কিন্তু রঞ্জিৎ আমাকে খুঁজে পাচ্ছে না। কিছুক্ষণ পর রঞ্জিৎ ছাদের নীচে আমার অবস্থান সনাক্ত করতে সমর্থ হলো। ছাদের ভাঙা অংশের ফাঁক দিয়ে আমার হাত ধরে টানাটানি শুরু করলো। আমি ব্যথায় চীৎকার করে উঠলাম। পরে আমার কথামত সে আরো কয়েকজনকে নিয়ে এলো। তারা সকলে মিলে ছাদের ভাঙা অংশ উপরের দিকে উঠিয়ে আমাকে মুক্ত করলো ভাঙা



CamScanner

চেয়ারের ফাঁদ থেকে।

রিক্সায় করে মেডিকেল কলেজে নেয়ার পথেই জ্ঞান হারালাম আমি; পরে হাসপাতালের বেডে জ্ঞান ফিরে আসে। জ্ঞান ফিরে আসা মাত্র এক বন্ধুকে জিজ্ঞেস করলাম-প্রতাপ কোথায়? বন্ধুটি নির্বিকারে বললো, প্রতাপ ভালোই আছে। কিন্তু হায়! তখন বুঝতে পারিনি বন্ধুটি আমাকে মিথ্যে স্তোকবাক্যে সান্ত্বনা দিচ্ছে। পরদিনই জানতে পারি প্রতাপ আর নেই। হারিয়ে গেছে আশীষ আর পরিতোষও। একটি বিভীষিকাময় সন্ধ্যারাত এভাবেই অকালে কেড়ে নিয়েছে উনচল্লিশটি তাজা প্রাণ। আহত হয়েছে অনেক।

আজও প্রায়শই স্মৃতির চিলেকোঠায় হানা দেয় সেই বিভীষিকাময় সন্ধ্যারাত-আজও চেতনে-অবচেতনে শুনি আমি ছাদ ধসে পড়ার সেই বিকট আওয়াজ, শুনি ভয়ার্ত শতকণ্ঠের প্রাণান্ত চীৎকার। ১৯৮৫ সালের ১৫ অক্টোবর আমাকে এখনও স্মৃতিমেদুর করে-আমাকে এখনও তাড়িয়ে বেড়ায় স্মৃতির ছায়াচ্ছন্ন ধূসর বেলাভূমে।

**ড. রমা বিজয় সরকার :** বর্তমানে সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।

এ কে শেরাম

# আরজ আলী মাতুব্বর
## এক অসামান্য মানুষের অনন্যসাধারণ প্রতিকৃতি

আরজ আলী মাতুব্বর। একজন প্রকৃত জ্ঞানসাধকের নাম–এক অসামান্য মানুষের অনন্যসাধারণ প্রতিকৃতি। প্রথাগত শিক্ষা তিনি তেমন লাভ করেননি। কিন্তু তিনি ছিলেন প্রকৃত অর্থে একজন জ্ঞানী। তাই বলা হয় তিনি স্বশিক্ষিত মানুষ। আসলে, শুধু আরজ আলী মাতুব্বরই নন; প্রকৃত শিক্ষিত বা জ্ঞানী যারা তারা সবাই স্বশিক্ষিত। বলা হয়, সমস্ত জ্ঞানই আমাদের অন্তরে বর্তমান আছে, বাইরে থেকে আসে কেবল তরঙ্গ; ইলেকট্রন-প্রোটনের তরঙ্গ অথবা দর্শনের দৃষ্টিতে 'Sense data'। সেই তরঙ্গ আমাদের মস্তিষ্কে এনে দেয় সংঘাত। তারই ফলে আমরা বহির্জগতের বিষয় জানতে পারি–আমাদের ভেতর জেগে ওঠে অন্তরের সেই সুপ্ত জ্ঞান। আমাদের দেহের যে পুষ্টি তাও খাদ্যের অন্তর্গত ইলেকট্রন-প্রোটনের সঙ্গে দেহের প্রাণকোষের ইলেকট্রন-প্রোটনেরই সংঘাত। এই সংঘাতেই সৃষ্টির শুরু–সৃষ্টির সর্বত্রও এই সংঘাত বা 'Shock' এর বিলাস। নদী যেমন সংঘাতে-সংঘাতে শক্তিমান হয়, তেমনি অসীম ব্রহ্মাণ্ডও এই সংঘাতে-সংঘাতেই বৃংহিত হয়। যোগদর্শনেও বলা আছে, কুলকুণ্ডলিনীকে জাগ্রত করতে হলে প্রাণায়াম সহকারে তাকে ধাক্কা দিতে হয়। এই শক্তি জেগে উঠলে আমরা এক অনির্বচনীয় শান্তি-সাগরে স্নাত হই–অধিকারী হই নানা অলৌকিক ক্ষমতার। আসলে, নিজের ভেতরেই আমাদের সমস্ত জগৎ-জ্ঞান ও শক্তির আধার। এজন্যেই প্রাচীন উপনিষদে বলা আছে–'আত্মানং বিদ্ধি' অর্থাৎ নিজেকে জানো। নিজেকে ভালো করে জানাটাই আসল কথা। আর তাই, নিজেকে পুরোপুরি জানার জন্যেই আমাদের নিরন্তর প্রয়াস। রবীন্দ্রনাথও তাঁর কবিতায় বলেছেন–

> 'আপনাকে এই জানা আমার ফুরাবে না,
> এই জানারই সঙ্গে সঙ্গে তোমায় চেনা।'

আরজ আলী মাতুব্বর এই 'নিজেকে জানা'র অন্তহীন প্রচেষ্টাতেই আজীবন ব্যাপৃত

রেখেছিলেন নিজেকে। প্রাতিষ্ঠানিক বিদ্যায়তন থেকে নয়, তাঁর প্রকৃত শিক্ষার্জন জীবনের বিদ্যাপীঠ থেকে। পুঁথিগত বিদ্যা নয়, তাঁর অর্জন ছিল নিজের যাপিত জীবন আর পরিপার্শ্বের নিসর্গ ও প্রকৃতির নির্যাস থেকে প্রাপ্ত সোঁদামাটির গন্ধমাখা নিরেট সত্য-জ্ঞান। তিনি জানতেন সময় খুবই গুরুত্বপূর্ণ। কারণ, জীবনতো কিছু সময়েরই সমষ্টি। তাই তিনি সময়ের সর্বোচ্চ সদ্ব্যবহার করতেন। তাঁর নিজের ভাষায়- 'সময়ের অপচয় করতাম না মোটেই। ... এসময় আমি দিনভর মাঠে কাজ করতাম আর রাত্রে হয়ত কোথাও আসরে গান নচেৎ ঘরে বসে পুস্তকাদি অধ্যয়ন করতাম। কৃষি ও জ্ঞান উভয়ের উন্নতি হতে লাগলো।' মাতুব্বরের পঠন-পাঠনের বিষয় ছিলো বিচিত্র-ব্যাপ্তি ছিল অনেক। তিনি নানাভাবে বই সংগ্রহ করে (তাঁর নিজের ভাষায় 'চুরি' করে) পাঠ করতেন নানা ধরনের বই। এভাবে তাঁর অনুসন্ধিৎসা তাঁকে নিয়ে গেছে জ্ঞানের বিচিত্র শাখা-প্রশাখায়; জীবনের বহুমূখী বৈচিত্র্য-সন্ধানে। সত্যের প্রতি-জ্ঞানের প্রতি মানুষের আকাঙ্ক্ষা চিরকালীন। মানুষ তাই সবসময়ই সত্যসন্ধানী, আলোকপ্রত্যাশী। উপনিষদের একটি বাণী এরকম-

'অসতো মা সদগময়
তমসো মা জ্যোতির্গময়
মৃত্যোর্মামৃতং গময়।'

অর্থাৎ, আমাকে অসত্য থেকে সত্যে নিয়ে যাও, অন্ধকার থেকে আলোয়, মৃত্যু থেকে অ-মৃতে। কিন্তু এই জ্ঞান বা সত্যজ্ঞান কেউ সৃষ্টি করতে পারে না, পারে কেবল প্রজ্ঞাচক্ষু দিয়ে দর্শন করতে-তা সে লৌকিক সত্যই হোক অথবা লোকোত্তর সত্য। এই সত্যজ্ঞান অপরিসীম। এক জীবনে কেউ সম্পূর্ণ সত্য বা জ্ঞান অর্জন করতে পারে না। তবু এই অনাদি-অনন্ত জ্ঞানের ভাণ্ডারকে অধিগত করার চেষ্টা মানুষের চিরকালীন। বেদ-বর্ণিত একটি কাহিনিতে দেখি, ঋষি ভরদ্বাজ তাঁর জীবনে তিনটি শতায়ু পূর্ণ করেছেন। এখন তিনি জরাজীর্ণ-অচল দেহে শয্যায় শায়িত। তবু তিনি বাঁচতে চান-চান আরো একটি শতায়ু। দেবরাজ ইন্দ্র এসে তাঁকে জিজ্ঞেস করলেন-ঋষি ভরদ্বাজ, তুমি এখনো বাঁচতে চাও। কিন্তু কেন? কিসের আশায়?

জবাবে জ্ঞানতাপস ঋষি বললেন-বেদ অধিগত করতে চাই। চাই সম্পূর্ণ জ্ঞানকে অর্জন করতে।

ইন্দ্রদেব তখন সামনের পাহাড় থেকে তিন মুঠো ধুলাবালি তুলে নিয়ে বললেন-ঋষিবর, তুমি তোমার গত তিন শতায়ুতে এই তিন মুঠো জ্ঞান আহরণ করেছো তিনটি বেদ থেকে। তোমার সামনে পড়ে আছে না-জানা জ্ঞানের প্রকাণ্ড পাহাড়। 'অনন্ত বৈ বেদাঃ'-'বেদ' অর্থাৎ জ্ঞান অনন্ত।

প্রবল অনুসন্ধিৎসা আর জ্ঞানপিপাসার ইট-পাথরে গ্রথিত এক সুবিশাল প্রাসাদে বাস করেছেন আরজ আলী মাতুব্বর। তিনি জানেন, সত্য কঠিন-জ্ঞান অনন্ত। তবু সেই কঠিন সত্যেরে তিনি ভালোবেসেছেন-ছুটে বেরিয়েছেন জীবনভর সেই অখণ্ড জ্ঞানের অন্তহীন বালুকাবেলায়। জীবনের নানা ঘাত-প্রতিঘাত তাঁকে নানা প্রশ্নবাণে বিদ্ধ করেছে; সেই প্রশ্নের ধ্বনি-প্রতিধ্বনি তিনি ছড়িয়ে দিয়েছেন জীবন-বাস্তবতায়; তারপর



CS CamScanner

চেষ্টা করেছেন নিজের মতো করে সেই প্রশ্নের জবাব খুঁজে নিতে। তাঁর বত্রিশ বৎসর বয়সে মা মারা গেলে তিনি মৃত মায়ের ফটো তোলেন। এর ফলে ইসলাম ধর্মে ফটো তোলা হারাম বলে উপস্থিত আলেম ও মুসল্লিরা মাতুব্বরের মায়ের নামাজে জানাজা ও দাফন ত্যাগ করে লাশ ফেলে চলে যান। মাতুব্বরকে তাই কতিপয় অমুসল্লিকে নিয়ে জানাজা ছাড়াই মায়ের মৃতদেহ কবরস্থ করতে হয়। এ ঘটনায় তিনি অতিশয় বেদনাহত হন। তিনি বলেন, 'আমার মা ছিলেন অতিশয় ধার্মিকা নারী। তাঁর নামাজ-রোজা বাদ পড়া তো দূরের কথা 'কাজা' হতেও দেখিনি কোনোদিন আমার জীবনে, বাদ পড়েনি কখনো তাঁর তাহাজ্জোদ নামাজ মাঘ মাসের দারুণ শীতের রাতেও। এ-হেন পুণ্যবতী মায়ের জানাজা হলোনা আমার একটি দুষ্কর্মের ফলে। হায়রে পবিত্র ধর্ম!'

এই ঘটনা তাঁর মনে প্রবল অভিঘাতের সৃষ্টি করে। তাঁর মনে প্রশ্ন জাগে- 'ইসলামের দৃষ্টিতে ছবি তোলা দূষণীয় হলেও এক্ষেত্রে দোষী হয়ত স্বয়ং আমি, আমার মা নন। এতে আমার মার সম্মতি ছিল না। আমার অপরাধে কেন যে আমার মার মরদেহের অবমাননা করা হলো তা আজও আমি খুঁজে পাচ্ছি না।'

ইসলাম ধর্মের বিশ্বাস অনুযায়ী মৃতদেহ কবরস্থ করার পর মনকির ও নকির নামের দুই ফেরেস্তা শবদেহকে নানা প্রশ্ন করেন। মাতুব্বরের জিজ্ঞাসা, তাঁরা 'মৃতকে প্রশ্ন করেন কোন ভাষায়-ফেরস্তী ভাষায় না মৃতের মাতৃভাষায়?' কারণ, পৃথিবীতে কয়েক হাজার ভাষা প্রচলিত এবং অধিকাংশ মানুষ মাতৃভাষা ছাড়া অন্য কোনো ভাষা জানেন না। 'গোর আজাব' নিয়েও তাঁর অনেক প্রশ্ন আছে। তিনি এসব প্রশ্ন আলেম সমাজের উদ্দেশে উত্থাপন করেছেন। মাতুব্বর জানেন, সত্যের জয় অবশ্যম্ভাবী। তাই তিনি পঁচাশি বছর ব্যাপ্ত তাঁর সমগ্র জীবন জুড়ে কেবলই 'সত্যের সন্ধান' করে গেছেন।

মানুষ হিসেবে এখনো অধিকাংশ আমরা অন্ধবিশ্বাসেই বেশি প্রলুব্ধ হই। একুশ শতকের বিজ্ঞানের চরমোৎকর্ষের এই সময়ে এসেও আমরা অবৈজ্ঞানিক চিন্তা-চেতনা, কুসংস্কার ও অন্ধবিশ্বাস নিয়ে মাতামাতি করি। ধর্মের নামে অলৌকিকতা আর পারলৌকিক জীবন নিয়ে ব্যস্ত থাকি। কিন্তু আমাদের ইহলৌকিক জীবন ও বাস্তবতা সম্পর্কে উদাসীন থাকি। ধর্মের অপব্যাখ্যা ও অন্ধবিশ্বাস আমাদেরকে অনেক সময় মনুষ্যেতর প্রাণীর চেয়েও হীন করে তোলে। আরজ আলী মাতুব্বর বিষয়গুলো লক্ষ করতেন এবং হৃদয়ে অনুভব করতেন এক অসহায় বেদনা। তিনি লক্ষ করেছেন ধর্ম নিয়ে প্রচুর মতানৈক্য। আবার একই ধর্মবিশ্বাসের মধ্যেও নানা মত ও পথের সংঘাত-সংঘর্ষ প্রায় নৈমিত্তিক। তারপরও ধর্মবিশ্বাসীদের কাছে নিজেদের ধর্মকে শ্রেষ্ঠ বলে প্রতিপন্ন করার অন্ধ প্রয়াস যেমন লক্ষণীয়, তেমনি অন্য ধর্মবিশ্বাসীদের প্রতি অবহেলা-উপেক্ষার চিত্রও করুণ এবং বেদনাদায়ক। মাতুব্বর তাই লিখেছেন- 'এতোধিক মতানৈক্য থাকা সত্ত্বেও ভক্তদের নিকট আপন-আপন ধর্ম সর্বশ্রেষ্ঠ, সনাতন ও ঈশ্বর অনুমোদিত। ... তাঁহাদের আপন-আপন ধর্মই একমাত্র সত্য ধর্ম, অন্য কোন ধর্মই সত্য নহে। ...এ যেন বাজারের গোয়ালাদের ন্যায় সকলেই আপন-আপন দধি মিষ্টি বলে।' তিনি দুঃখের সঙ্গে এও লক্ষ করেছেন, 'সম্প্রদায়বিশেষে ভুক্ত থাকিয়া মানুষ মানুষকে এত অধিক ঘৃণা করে যে, তদ্রূপ কোন ইতর প্রাণীকেও করে না।'

আরজ আলী মাতুব্বর ধর্মের আনুষ্ঠানিকতাকে ধর্ম মনে করার মতো ধর্মান্ধতায়

আপ্লুত ছিলেন না। তাঁর ছিল মুক্ত মন-স্বচ্ছ দৃষ্টিভঙ্গী। জীবনকে দেখেছেন তিনি একজন মানুষের দৃষ্টি দিয়ে-কোনো ধর্মবিশ্বাসী হিসেবে নয়। তাই তিনি একবার বুদ্ধির মুক্তি আন্দোলনের প্রধান আবুল হুসেনের স্মরণসভায় বক্তব্য রাখতে গিয়ে অত্যন্ত স্পষ্টতার সাথে বলেছিলেন- 'অনুষ্ঠান পালনই প্রকৃত ইসলাম নয়, আল্লাহে বিশ্বাস করে মানবকল্যাণে ব্রতী হওয়াই প্রকৃত ইসলাম। তাঁর (আবুল হুসেন) মতে মানবকল্যাণ আগে, পরে অনুষ্ঠান। জলমগ্ন শিশুকে উদ্ধারের কাজে সময় নষ্ট না করে তাড়াতাড়ি নামাজ পড়তে যাওয়া ইসলামের বিধান নয়। যে দেশে লক্ষ লক্ষ নর-নারী ও শিশু অস্থিকঙ্কালসার হয়ে সমস্ত দিন ঘুরে ঘুরে এক মুঠো অন্ন পাচ্ছে না, সে দেশে বিমানবিহারী হাজীদের নিজে উড়ে, টাকা উড়িয়ে হজ্জব্রত পালনের কোনো সার্থকতা নাই। যে দেশের হাজার হাজার গৃহহীন মানুষ মুক্তাকাশের তলে পথ-প্রান্তরে রাত কাটাচ্ছে সে দেশে উপাসনা মন্দিরে সাত তলা মিনার তৈয়ারের কোনো সার্থকতা নাই। ... আমাদের দেশের এ দৃশ্য অনেকেই দেখেন এবং মর্মে মর্মে অনুভবও করেন, তবে মুখ ফুটে বলার সাহস পাননা। ... আবুল হুসেন ... এ দৃশ্য দেখেছেন, অনুভব করেছেন, অন্তর্দাহে অতিষ্ঠ হয়ে দু'চার কথা বলতে ভয় পাননি।' আরজ আলী মাতুব্বরও সমাজের রক্তচক্ষুকে উপেক্ষা করে তাঁর আপন বিশ্বাসের কথা অকপট উচ্চারণে বলেছেন। এখানেই মাতুব্বরের বিশিষ্টতা।

চিন্তায়-চেতনায়-বিশ্বাসে উন অসংখ্য 'বামন'-এর এই দেশে আরজ আলী মাতুব্বর ছিলেন এক বিরল ব্যতিক্রম। তাঁর মেদহীন শালপ্রাংশু দীর্ঘ দেহের মতোই তাঁর চিন্তা-চেতনা-বিশ্বাসও ছিল কোনো ধরনের কুসংস্কার বা অন্ধবিশ্বাসের অনাকাঙ্ক্ষিত মেদবিহীন, যুক্তি ও বুদ্ধির শাণিত চেতনায় ঋদ্ধ এবং স্থির বিশ্বাসে ঋজু এক বৃক্ষের মতো দীর্ঘ ও উর্দ্ধমুখী। তাঁর ঋজুতা তাঁকে আত্মম্ভরি করেনি, আত্মবিশ্বাসে অটল করেছে। তাই তিনি সারাজীবন সত্য সন্ধান করেছেন, যা'ই সত্য বলে জেনেছেন তা'ই বলে গেছেন অকপট বিশ্বাস আর অটল স্থৈর্যে। নানা হীনতায়-দীনতায় বিবর্ণ আমাদের সমাজে একজন আরজ আলী মাতুব্বর প্রকৃত অর্থেই এক অসামান্য মানুষের অনন্যসাধারণ প্রতিকৃতি।

**এ কে শেরাম:** কবি ও গবেষক; সভাপতি, বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ, সিলেট।



CamScanner

রাজকুমার চন্দ্রজিৎ সানা (আর কে সি এস)

# মণিপুরী শিল্পকলার অতীত ও বর্তমান

মণিপুরী শিল্পকলার ইতিবৃত্ত সম্বন্ধে অনুপুঙ্খরূপে বলা বেশ দুরূহ বটে। তিন শতাব্দী আগেকার ইতিহাস খুঁড়ে প্রকৃত সত্য অনুসন্ধানে ব্যাপৃত হলে গলদঘর্ম হওয়াটা বিচিত্র নয়। উপরন্তু যেখানে প্রাচীন কলা হিসেবে উপস্থাপিত হবার উপযুক্ত তথ্য-প্রমাণ ও শিল্পকর্মের অভাব প্রকট। উপনিষদ-পুরাণের মত গ্রন্থে কতিপয় পন্ডিতজনের কিছু ড্রয়িং, লৌহ নির্মিত কিছু সামগ্রী, হরফ-লিপি, মুদ্রাঙ্কিত চিত্রকলার কিছু ইতস্তত বিক্ষিপ্ত আলামত পাওয়া গেলেও সেগুলিতে সুনির্দিষ্ট কালের উল্লেখ না থাকায় গুরুত্ববহ হওয়া সত্ত্বেও অনেক শিল্পবোদ্ধাদের নিকট আজও অপাঙক্তেয়।

ফানেক*, নিংখম-শমজিনের* পাড়ে ধ্রুপদী অঙ্কন; নিকট অতীতে মহারাজ ভাগ্যচন্দ্রের ব্যবহৃত কোর্তা-জামায় মীন চিত্রের চাঞ্চল্য এবং পাখংবা*এর সর্পাকৃতির ডায়াগ্রাম ইত্যাদি মণিপুরী চিত্রকলার অংশ হলেও তা ঈপ্সিত পূর্ণতা প্রদান করে না। কলাবিদ্যার ক্ষেত্রে দীনতার কারণ হিসেবে- শাসকবর্গের পৃষ্ঠপোষকতার অভাব, মেধাবী-গুণী শিল্পীদের উদাসীনতা, জনসাধারণের মধ্যে শিল্প চেতনার অনুপস্থিতি, রাজনৈতিক অস্থিতিশীলতা প্রভৃতি উল্লেখযোগ্য। তদুপরি অধিকাংশ জনগণই তখন কাঁচা ঘরে বসবাস করত; পাকা দালান নির্মাণের অপারগতায় অন্যান্য দেশ থেকে মণিপুর স্থাপত্যশিল্পে বহুলাংশে পিছিয়ে ছিল। এতদঞ্চলে বিভিন্ন জাতি-উপজাতির মধ্যকার অন্তর্কলহ, যুদ্ধ-দাঙ্গা শিল্পকলা বিকাশে অন্তরায় হিসেবে দেখা দেয়। তবে

---

*ফানেক – মণিপুরী নারীদের ব্যবহৃত এক খন্ড আটপৌরে পোষাক; অনেকটা আসাম অঞ্চলের পোষাক 'মেখলা' ও আরাকান পোষাক 'থামি'র আদলে।

*নিংখম-শমজিন – মণিপুরী নৃত্যে পুরুষদের অঙ্গভূষণস্বরূপ ব্যবহার্য এক খন্ড বস্ত্র।

*পাখংবা – একপ্রকার ড্রাগন সদৃশ্য সর্পচিত্র যা টিপিক্যাল মণিপুরীগণ দেবতা জ্ঞান করে। এ সম্পর্কে পৌরাণিক গ্রন্থাবলিতে বিস্তৃত জানা যাবে।

বিগত তিনশ' বছরের পরিক্রমায় বহির্বিশ্বের সাথে যোগাযোগ বৃদ্ধি পাওয়ায় ও নবতর ধর্মের প্রচার-বিকাশে মণিপুরী কলায় প্রভূত উৎকর্ষ পরিলক্ষিত হয়।

এই ফাঁকে বলে রাখি, প্রাচীনকালে ইঙৌরোক মহাদেব বলে পরিচিত বিরাটাকৃতির প্রস্তরমূর্তি যা লৈমখোঙ-এর উল্টোদিকে অবস্থিত, প্রয়াত পন্ডিত অচৌবা মোইরাংথেম চন্দ্রসিংহ-এর মতে তা 'বুদ্ধদেব'-এর মূর্তি। সময়-সুযোগ পেলে পাঠকবর্গ একবার স্থানটি পরিদর্শন করলে আশা করি মণিপুরী ইতিহাস উপকৃত হবে। এর মাধ্যমে পুরাতন ও বিশাল একটি ভাস্কর্যের নিদর্শন আমরা রেকর্ডে অন্তর্ভুক্ত করতেও পারি। এটির বয়েস প্রায় এক হাজার বছর হবে। কিন্তু মূর্তিটির নির্মাতা কে অথবা এর আনুপূর্বিক ইতিহাস কী তা আজও রহস্যাবগুণ্ঠিত।

১৭০০-১৮০০ খ্রিষ্টাব্দের অন্তর্বর্তীকালে রামান্দি ধর্ম অনুপ্রবেশের মধ্য দিয়ে (শান্তিদাশের সময়কালে) হনুমান, গড়ুর, শ্রীশ্রীরামজী প্রভুর মূর্তি তৈরির প্রচলন ঘটে। যদিও এগুলি প্রকৃত কলার স্বরূপ নয়, মোটাদাগে বললে বিগ্রহ মূর্তি মাত্র। পরবর্তীকালে মহারাজ রাজর্ষি ভাগ্যচন্দ্র হিন্দু ধর্মের বৈষ্ণব শাখা প্রবর্তনের পর শ্রীশ্রীগোবিন্দজী'র প্রতিমা মূর্তি স্থাপন মণিপুরী কলার ইতিহাসে একটি মাইলফলক হয়ে আছে। এর নির্মাণশৈলী ছিল বিজ্ঞানসম্মত। ছাপা লক্ষণ সিংহ এটিকে কাঁঠাল গাছের কাঠ খোদাইয়ের মাধ্যমে তৈরি করেন। কেবল ধর্মের ক্ষেত্রে নয়, এই ভাস্কর্য মণিপুরী শিল্পকলার ক্ষেত্রেও একটি অনন্য স্থান দখল করে রয়েছে। এছাড়াও তিনি ঐ গাছ দিয়েই আরও প্রায় ৭-৮টি মূর্তি তৈরি করেন বলে কথিত আছে। তন্মধ্যে শ্রীশ্রীগোবিন্দ, বিজয়গোবিন্দ, নিংথৌখোং গোপিনাথ, মদনমোহন, অরাম্বম নিত্যানন্দ, নবদ্বীপের অনুকূলঠাকুর ইত্যাদি'র মূর্তি প্রণিধানযোগ্য।

ক্রমান্বয়ে গোবিন্দের রাশেশ্বরী ও অন্যান্য ঐতিহাসিক চরিত্রের ভাস্কর্য তৈরির নমুনা দেখা যায়। ধীরে ধীরে মণিপুরী শিল্পকলার উন্নতি ঘটে। তবে কাঠের মাধ্যমে তৈরি শিল্পকর্ম যত ব্যাপক আকারে চর্চিত হতে দেখা যায় প্রস্তর অথবা লৌহ মাধ্যমে তেমন একটা চোখে পড়ে না। শুরুর দিকে হনুমান, গড়ুর, গনেশ প্রভৃতি কিছু পৌরাণিক চরিত্রের প্রস্তরমূর্তির দেখা মেলে। পরবর্তীতে পশ্চিমাঞ্চল থেকে নিয়ে আসা ধাতুর তৈরি রাধা-কৃষ্ণ মূর্তির অনুকরণে মোমের আকৃতি বানিয়ে মাটির ছাঁচে পিতল ঢেলে মূর্তি বানানো শুরু হয়। প্রাথমিকভাবে মূর্তিগুলির গুণগতমান আশানুরূপ না হলেও অবশেষে নিরলস পরিশ্রম-ধৈর্য-প্রতিভার দ্বারা অনুপম সৃষ্টির সৌকর্যে শিল্পোত্তীর্ণ হয়ে ওঠে। কালক্রমে কাঠ-ধাতুর মাধ্যম ছেড়ে মূর্তিগুলি চিত্রকলার বর্ণিল হাত ধরে এগিয়ে চলে। মূলত প্রাচীন চিত্রকলার নিদর্শন হিসেবে ১৮৬৫ খ্রিস্টাব্দে খুৎলৌ (সুবিকা) নামক পুস্তিকায় রাজকুমার গৌরসিংহের আঁকা ৫ ইঞ্চি ব্যাসে বর্গাকৃতির ৪৫টির মত চিত্রের দেখা মেলে। ড্রয়িং করে পরে রঙ করা অনেকটা রাজপুত পেইন্টিঙের মত দেখতে। চিত্রগুলির বিষয়বস্তু বিশেষভাবে রামায়ণ থেকে নেয়া, এই ধরণের ড্রয়িং মাইথোলজির অনেক গ্রন্থে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে।

স্যার চন্দ্রকীর্তি মহারাজের আমলে ব্রিটিশ সাহচর্যে গান-বাজনা, নট সংকীর্তন, রাসনৃত্য, যাত্রা-পালা এবম্বিধ নানারকম ললিত কলার উৎকর্ষ সাধনে পৃষ্ঠপোষকতার তুলনায় চিত্রকলায় সহযোগিতার হার ছিল অপ্রতুল। স্থাপত্য শিল্পকে কলাবিদ্যার একটি

বিশেষ অংশ হিসেবে বিবেচনা করলে শ্রীগোবিন্দের মন্দির ও মন্ডপের স্থাপনা-শৈলী নিঃসন্দেহে প্রশংসার দাবিদার। তবে চিত্রকলা বিভাগে মণিপুরের মৌলিকত্ব, পদ্ধতি, ঐতিহ্য খুব একটা অগ্রগণ্য নয়। সুতরাং জিজ্ঞাস্য যে, মণিপুরী চিত্রকলার বয়েস কত? কেননা ভারতবর্ষের প্রাচীন চিত্রকলা, চীন-জাপানের স্বতন্ত্র আর্ট ফর্ম যা ওরিয়েন্টল আর্ট হিসেবেও পরিচিত সেরকম কোনো ট্রেডিশনাল আর্ট ফর্ম মণিপুরের ছিল না বললে বোধ করি সত্যের অপলাপ হবে না। মণিপুরী চিত্রকলা বলতে আমরা এখন যা দেখতে পাচ্ছি তার অধিকাংশই হিন্দু ধর্ম প্রবর্তনের উত্তরকালের। তখন থেকে শিল্পকলায় একধরনের পুনর্জাগরণ পরিলক্ষিত হয়। খুব সংক্ষিপ্ত সময়ে মূর্তিশিল্প বিকাশ লাভ করে, চিত্রশিল্প তুলনামূলক ধীর গতিতে। মূর্তি গড়া ও মূর্তি আঁকায়, পেইন্টিং ও স্কাল্পচারে– বলা বাহুল্য, সুস্পষ্ট পার্থক্য রয়েছে; অথচ অধুনা মূর্তি অঙ্কন ও চিত্রাঙ্কন একই মণিপুরী শব্দ 'লাই য়েকপা' দ্বারা নির্দেশিত হয়ে আসছে। প্রসঙ্গত গ্রিক, রোমের মাইথলজিতে বাইবেলে উল্লিখিত দেব-দেবী যেমন যীশু ও মেরীকে তৎকালীন রাজাগণ গড়ত আবার আঁকত। জিসাস ক্রীস্ট আর মাতা মেরীকে 'ম্যাডোনা ও তার সন্তান' নামে চিত্রাঙ্কিত করত। বাইবেলের সাথে সম্পর্কিত দেব-দেবীর ছবি আঁকতেই নৃপতিগণ অধিক পছন্দ করতেন। তবে গ্রিকে ৩০০০ বি.সি-তে নির্মিত ব্রোঞ্জ মূর্তি ও বিশালাকায় অনেক স্ট্যাচু পাহাড় পর্বতে আবিষ্কৃত হয়েছে। ইজিপ্টে ৪০০০ খ্রীস্ট পূর্বের অনেক বৃহদাকার মূর্তির সন্ধান মেলে। তৎকালীন ফেরাউনদের অমর সৃষ্টি পিরামিড ও এথেন্সের সমুদ্রতল থেকে প্রাপ্ত প্রকান্ড ব্রোঞ্জ মূর্তিগুলি আজও অবাক বিস্ময়! এসবই কোনো উন্নত জাতির ইতিহাসের সাথে সম্পৃক্ত পাশাপাশি বিদ্বজ্জনের গবেষণার বিষয়।

হিন্দু ধর্ম প্রবর্তনের পূর্বে মণিপুরে অঙ্কিত দেব-দেবী কিংবা কোনো নির্মিত মূর্তি ছিল কিনা, এ প্রশ্নের উত্তর খুঁজে বের করা আজ সময়ের দাবি। প্রাচীনকাল থেকেই মণিপুরী ধর্মে 'সনামহী' নামে এক ইষ্ট দেবতার প্রতি বিশ্বাস আজও অটল। কিন্তু 'সনামহী' নামক দেবতাটির মূর্তমান স্বরূপটি কেমন; বয়োবৃদ্ধ নাকি যুবক, শ্মশ্রু ছিল কি ছিল না এসব খুব জানতে ইচ্ছে করে। পরবর্তীতে মহারাজ ভাগ্যচন্দ্রের রাজত্বকালে স্থাপিত বর্তমানের 'মণিপুর রাইফেল' নামক স্থানে সনামহী মন্দিরে কথিত ইষ্টদেবের একটি আবক্ষ মূর্তি রয়েছে। তবে মজার বিষয় হচ্ছে বাস্তুভিটায় পূজিত 'সনামহী' দেবতা নিরাকার। অনুসন্ধিৎসুদের জন্য বিষয়টি উৎসাহব্যঞ্জক বটে।

রাজকুমার যুমজাওসানা সিংহ (১৮৭০-১৯৫৪), এক কিংবদন্তীর নাম। ইনি একাধারে চিত্রশিল্পী, ভাস্কর, মিস্ত্রি, ছুতার, গায়ক ও বাদক ছিলেন। বৃদ্ধাবস্থায়ও যে এই ক্ষণজন্মা শিল্পী নট সংকীর্তনে অংশ নিতেন এর প্রমাণ অনেক পুঁথি-পত্রে বিদ্যমান। ন্যাশনাল এওয়ার্ড প্রাপ্ত শ্রীযুক্ত অভিরাম শর্ম্মা, মণিপুরী সাহিত্য পরিষদের সঙ্গীত রত্ন প্রাপ্ত ওয়াংখৈ-এর শ্রীযুক্ত গুরুময়ুম ইবোতন শর্ম্মার কাছে এই জাতশিল্পীর বর্ণাঢ্য জীবন সম্পর্কে অনেক অজানা তথ্য জানা যায়। একজন ছুতার ও ভাস্কর হিসেবে যুমজাওসানার প্রসিদ্ধি সর্বজনবিদিত। উনার কাঠের তৈরি রাধা-কৃষ্ণের যুগল মূর্তি, অনেক প্রকার ধাতু দ্বারা নির্মিত মূর্তি স্বমহিমায় বিভিন্ন মন্দিরে পূজিত হচ্ছে। এই অনন্যপ্রতিভাধর শিল্পীর বহু ছাত্র-শিষ্য আজও সাফল্যের সাথে নিজেদের আর্ট স্টুডিও চালাচ্ছেন। উনার অনেক পেইন্টিং-এর মধ্যে জিলা দরবার, খম্বা থোইবী, অনন্ত শয্যা



CamScanner

অন্যতম। তাছাড়া মণিপুরের নম্বোল সাবাল পাড়ার মন্ডপে উনার অঙ্কিত অনেক চিত্রকলা রয়েছে, অধিকাংশই সনাতন ধর্মের দেব-দেবীর। মণিপুরী চিত্রকলায় দৃশ্যের ব্যবহার উনার শিল্পকর্মে সার্থক রূপ লাভ করে। উল্লেখ্য, এই রাজকুমার খুবই প্রজাদরদী ও সৃষ্টিশীল ছিলেন। মণিপুরের রাজধানী ইম্ফালেই শুধু নয়, উনার চিত্রকর্ম মোইরাং, থাঙ্গা, কুম্বী, নাম্বোলেও প্রসিদ্ধি লাভ করে। ব্রিটিশ শাসনামলে মণিপুরে আর্টস এন্ড ক্রাফটসের অফিস প্রতিষ্ঠিত হয়। লন্ডনে বোনা থান কাপড়ে মণিপুরের ঐতিহ্যবাহী নকশা 'মোইরাং ফিজিন'* এঁকে উনি মণিপুরী কলার শুভানুধ্যায়ী জেল্লি মেম-এর নিকট পাঠান। চূড়াচান্দ মহারাজের রাজত্বকালে ভারতের বড়লাট ভাইসরয় একবার মণিপুরে আসেন। উনার সম্মানে বর্তমানে জোনস্টোন স্কুল যেখানে অবস্থিত সেখানে এক বিরাট মেলার আয়োজন করা হয়। বিশালাকায় মঞ্চে মণিপুরী সংস্কৃতির অবিচ্ছেদ্য অঙ্গ নৃত্য-গীত-বাদ্যে মেলাঙ্গন হয় মুখরিত। নাচের কম্পোজিশন, কস্টিউমসের অলংকরণ ইত্যাদি রাজকুমার য়ুমজাওসানার তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পাদিত হয়ে থাকে। মেধা ও কলানৈপুণ্যে মুগ্ধ হয়ে তৎকালীন ব্রিটিশ পোলিটিক্যাল এজেন্ট উনার ভূয়সী প্রশংসা করেন। পাহাড় ও সমতলের চিত্র কল্পনাশক্তির গভীরতায়, বহুমুখী প্রতিভায় প্রোজ্জ্বল য়ুমজাওসানার ক্যানভাসে জীবন্তরূপে ফুটে ওঠে।

ইংরেজ আধিপত্যের সাথে সাথে বিভিন্ন সেক্টরের মত চিত্রকলাতেও আশাতীত পরিবর্তন ঘটে। অঙ্কন শৈলী, ওয়েল-কালার, ওয়াটার-কালার, ড্রাই-কালার, আউটলুক ইত্যাদি হরেক প্রকার আধুনিক কলাতত্ত্ব চিরায়ত চিত্রকলার পট পরিবর্তন ঘটায়। পাশ্চাত্য চিত্রকলার অনুপ্রবেশে ফাইন পেইন্টিং, রিয়েলিস্টিক পেইন্টিং নতুন আলোয় প্রতিভাত হয়। মণিপুরী চিত্রকলার ইতিহাসে গুরু ভদ্রসিংহ-এর শিষ্য মোংসাতাবম কালাচান্দ সিংহ একটি বিশেষ স্থান দখল করে আছেন। তিনি অনেকটা রবি বর্মার আদলে মাইথোলজির থিমকে ভিত্তি করে ছবি আঁকতেন। গুরু য়ুমজাওসানা তাঁর সমসাময়িক ছিলেন। য়ুমজাওসানার ছাত্র শ্রী লৌরেম্বম কামদেব সিংহও চিত্রশিল্পী হিসেবে প্রচুর সুনাম কুড়িয়েছেন। উভয়ের টেকনিক্যাল স্কিল ছিল উচ্চমার্গের। আধুনিক চিত্রকলার সাথে উনাদের চৌকশ পরিচয় ঘটে; পাশ্চাত্যের আলো-আঁধারির খেলা তাঁদের সৃষ্টিকর্মে সুচারুরূপে প্রতিফলিত হয়। সাধারণের দৃষ্টিতে কালাচান্দের চেয়ে কামদেবের কাজ ছিল সূক্ষ্মতর। আমাদের বিবেচনাতেও কামদেবের সৃষ্টিকর্ম অনেকাংশে আধুনিক। চিত্রাঙ্কন ছাড়াও তাঁরা কাঠের ভাস্কর্য তৈরিতে ছিলেন সিদ্ধহস্ত। মণিপুর ড্রামাটিক ইউনিয়ন রূপমহলের (সিনেমাহল) বর্ণিল ব্যানারে উনাদের কৃতিত্বের প্রতিচ্ছবি স্মৃতির আঙিনায় আজও অম্লান।

গুরু য়ুমজাওসানা কোনো সাধারণ চিত্রশিল্পী ছিলেন না। উনি রাজদরবারের খাস আর্টিস্ট ছিলেন। স্যার চূড়াচান্দ মহারাজের পত্নী মহারাণী ঙাংবী দেবীর পোর্ট্রেট তিনি নিজে অঙ্কন করেন। ১৯৬৮ খ্রিস্টাব্দের ২৭ ডিসেম্বর ইম্ফালের চিত্রকলা সংস্থা 'The

---

* মোইরাং ফিজিন- কাপড়ের উভয় কিনারে হাতে কারুকাজ করা মণিপুরীদের ঐতিহ্যবাহী একটি প্যাটার্ন যার প্রতিটি একে অপরের সাথে সামঞ্জস্যপূর্ণ।



CamScanner

Manipur Fine Artists Association, Imphal'-এর পৃষ্ঠপোষকতায় 'মণিপুরী চিত্রকলা' নামে একটি প্রকাশনা বের হয়। তাতে গুরু মোইরাংথেম চন্দ্রসিংহের একটি নিবন্ধে বলা হয়- গুরু ভদ্র সিংহ এবং গুরু যুমজাওসানা উভয়েই কৃতবিদ্য ও প্রথিতযশা শিল্পী ছিলেন। উনার অকুণ্ঠ ও নৈর্ব্যক্তিক প্রশংসায় কোনোরূপ দ্বিধা বা সংশয়ের ছিটেফোঁটা ছিল না। কিন্তু সম্প্রতি মণিপুরী চিত্রকলার ইতিহাস সম্পর্কিত অনেক প্রবন্ধই বিতর্কিত যুগপৎ রাজনৈতিকভাবে প্রভাবান্বিত। উভয়েই যদি মণিপুরের গৌরব হবে তাহলে কেন এই একপেশে পক্ষপাতিত্ব? গুরু চন্দ্রসিংহের পিতা প্রখ্যাত মোইরাং হিংচাবী রাজদরবারের বিদগ্ধ পন্ডিত হিসেবে সুবিদিত; পিতার মৃত্যুর পর গুরু চন্দ্রসিংহ পৈতৃক দায়িত্ব পালন করেন। নিশ্চয়ই তিনি অভিজ্ঞানে ঋদ্ধ একজন সমালোচক ছিলেন।

১৯৪০ খ্রিস্টাব্দের পর মণিপুরের বাইরে থেকে কলাবিদ্যা শিখে আসেন যে দু'জন চিত্রশিল্পী তাঁরা হলেন, সানখ্যা প্রিয়ব্রত সিংহ এবং হাওবাম শ্যামসুন্দর। ওয়াটার কালার ও ওয়েল কালারের মাধ্যমে সার্থক শিল্প উনাদের দ্বারাই প্রথম মণিপুরে দেখতে পাওয়া যায়। প্রিয়ব্রত ওয়েল পেইন্টিয়ে স্বাচ্ছন্দ্যবোধ করতেন। শ্যামসুন্দর প্রথমদিকে ওয়াটার কালারের ব্যবহার বেশি করলেও পরে ওয়েল পেইন্টিংয়ে ঝুঁকে পড়েন; ইতোমধ্যে উনি ড্রয়িং-স্কেচ ইত্যাদিতেও ঈর্ষণীয় প্রতিভার স্বাক্ষর রাখেন। চিত্রকলাকে উভয়েই শখ হিসেবে নিয়েছিলেন বিধায় এঁদের সৃষ্টির পরিধিও তুলনামূলকভাবে সীমিত। পরবর্তীকালে আরও অনেক প্রতিভাবান শিল্পী মণিপুরী কলাকে পরিশীলিত করেন। তন্মধ্যে অভাজনও একজন বলে এতদস্থলে আর বিশদ করছি না। এটুকু অন্তত বলাই যায় যে, মণিপুরী চিত্রকলা বিকাশের ধারা অধিক বেগবান হয় আমাদের প্রজন্মেই। এ প্রসঙ্গে অন্যত্র বলা যাবে।

স্টেট কলা একাডেমী প্রতিষ্ঠার পর থেকে আধুনিক কলা বলে পরিচিত বিমূর্ত কলার অনুপ্রবেশ ঘটে। এক পর্যায়ে এবস্ট্রেক্ট আর্ট ও রিয়েলিস্টিক আর্টের মধ্যকার সংঘাতে শিল্পীদের মধ্যে তীব্র মতদ্বৈধতা তৈরি হয়। এমতাবস্থায় একজন সাধারণ নাগরিক হিসেবে আমার মতে- আর্টের কোন ফর্মটি দীর্ঘমেয়াদী হবে, সমাজ তথা জনগণ কোনটিকে সাদরে গ্রহণ করবে তা সম্যক সুস্পষ্ট হওয়া চাই। তেমনটা না হবার ফলে তেলে জলে মেশানো কিছু একটার মত জনসাধারণের দৃষ্টিতে বেখাপ্পা লাগছে। এখন প্রশ্ন হচ্ছে কোনটি আমাদের জন্য মানানসই হবে, কোনটি সমাজের আক্ষরিকার্থে উপকারে আসবে? আধুনিক চিত্রকলায় এবস্ট্রেক্ট, কিউবিজম, ইম্প্রেসনিজম- এই নতুন তিন ধারা নতুন সময়ের পরীক্ষামূলক হিসেবে দর্শনতত্ত্বকে নিয়ামক জ্ঞান করে। এরও একটি উচ্চস্তরের সৌন্দর্য রয়েছে। প্রকৃতপক্ষে এটি বিস্তৃতভাবে আন্তর্জাতিক চিত্রকলার জগতে জেঁকে বসেছে। থাকুক, সমস্যা নেই। তবে এদেরকে আলাদা শ্রেণিতে বিভক্ত করে স্টেট কলা একাডেমি ও ললিত কলা একাডেমি দ্বারা স্বতন্ত্রভাবে রাখা উচিত বলে আমি মনে করি। উভয়কে এক-কাতারে প্রদর্শন করায় তা গুরুচন্ডালী দোষের মত কেবল দর্শকদেরই বিভ্রান্ত করে না শিল্পীদেরও বিব্রত করে বৈকি।

পরিশেষে বলতে চাই, প্রশংসাকারী ও সমালোচকদের খুশি করতেই কি আঁকতে হবে? নাকি সময়ের দাবি ও সমাজের চাহিদা অনুযায়ী আঁকা উচিত? সব জিনিস সব



CamScanner

নিক্তিতে ওজন করা যায় না। তাই চিত্রকলার বেলাতেও ক্যাটাগরি আলাদা থাকা দরকার। নতুবা স্টেট কলা আয়োজিতব্য প্রদর্শনীর জন্য ছবি চাইলে 'শুধুমাত্র মডার্ন আর্টের উপর' এমন কোনো বিশেষ শর্ত জুড়ে দেবে কি! চিত্রকলার সাথে জড়িত কলাকুশলী ও কর্তৃপক্ষের জন্য বিষয়টি বিবেচ্য।

বাংলায়ন

**ড. আর. কে. গীতাঞ্জলি দেবী**

বিশিষ্ট নৃত্যশিল্পী।

পাদটীকা : রাজকুমার চন্দ্রজিৎ সানা মণিপুরী চিত্রকলার একজন কান্ডারি, কীর্তিমান, যশস্বী; এক কথায় প্রবাদপুরুষ। উনার পুত্র, পিতা ও পিতামহ স্বনামধন্য চিত্রকর। চার পুরুষের নিরলস প্রচেষ্টায় মণিপুরী ইতিহাসের একটি চুম্বক অংশ আজ চিত্রকলার মাধ্যমে উদ্ভাসিত। ২০০৬ সালের ১৩ অক্টোবর ইম্ফাল হতে মণিপুরী ভাষায় প্রকাশিত 'আরকেসিএস : মহাক্লা ইরম্বা ওয়ারেংশিং (তাঁর লিখিত প্রবন্ধাবলি)' নামক পুস্তিকার প্রথম প্রবন্ধ এটি। সর্বপ্রথম লেখাটি 'দ্য কালচারেল ফোরাম, মণিপুর' কর্তৃক প্রকাশিত 'ঋতু' নামক লিটল ম্যাগের ৭৫তম সংখ্যায় ১৯৮৫ সালের ফেব্রুয়ারিতে প্রকাশিত হয়। যথাসম্ভব মূলানুগ অনুবাদের প্রযত্নে কসুর রাখিনি। পাঠকবর্গের আগ্রহ ও উৎসাহের আনকূল্যে ধারাবাহিকভাবে তাঁর অন্যান্য প্রবন্ধগুলি ভাষান্তরের আশা রইল।



CamScanner

এনায়েত হাসান মানিক

## ভালোবাসা প্রতিবন্ধী

হাত আছে পা আছে মনে মনন আছে
তবু কিছু আইনের মতো প্রয়োগ হয় না
ধরে নেব এটাও একধরনের প্রতিবন্ধী।
চোখ আছে, দেখে না
শুধু বিচারের বাণীর মতো নীরবে কাঁদে
কান আছে, শ্রবণপ্রতিবন্ধী না হয়েও
করোনার স্বাস্থ্যবিধির নির্দেশনা শুনতে পায় না।

মানুষের মনে কেন্দ্রীয় ব্যাংকের রিজার্ভের মতো অনেক ভালোবাসা মজুদ রয়েছে
কিন্তু হ্যাক হয়ে যায়
বিচারহীনতার অভয়ারণ্যে যারা
মেঘের ভেতর জলের মতো
ভালোবাসাকে লুকিয়ে রেখে
হত্যা লুণ্ঠন ধর্ষণ আর খুনখারাবিতে
মত্ত হয়ে ওঠে
এরা মূলত ভালোবাসা প্রতিবন্ধী।



CamScanner

সুমন বনিক

## অন্ধচোখে দেখা

ঝিলের বুকে শাপলা-শালুক হৃদয় জলে ফোটে
হাত বাড়ালেই পায়ের তলে পচা শামুক ফোটে।

পচা শামুক পা কেটে দেয়, টুণ্ডা হয়ে ঘরে
জান্‌লা গলে জোছ্‌না তাই যাচ্ছে দূরে সরে

বিজ্ঞাপনের চমক দেখে চোখটা ছিল সেঁটে
খাঁটি সদাই কিনতে গিয়ে দেখি না-তা ঘেঁটে

রাংতামোড়া অবয়বের দেখি রঙিন খেলা
ধূসর সময় থমকে দাঁড়ায় সূর্য ডুবার বেলা।

আবিদ ফায়সাল

## হরিণ

হরিণী বাঘের মুখে
প্রসব করেছে বাচ্চা
কাতরাতে দেখে ত্রস্ত জিহ্বায় শুশ্রূষা দিচ্ছে, আর
একটু একটু করে দাঁড়াচ্ছে, দৌড়াচ্ছে দেখে পাহারায়
বসিয়ে রাখছে চোখ ডোরাকাটা সমস্ত জঙ্গলে
কিন্তু সকলের সামনে কাচের বাঘ খেয়ে ফেলে হরিণকে

–এই হত্যাদৃশ্য সত্য নয়

বিশ্বাস যদি না হয়, দেখে আসুন জঙ্গল

সিলেট, ১৪ আগস্ট ২০২১

রাণা প্রতাপ সিংহ

## বৃহন্নলা বাহাদুরি

পা দুটো ঢুকিয়ে দিচ্ছে মোজাদের নরম আপোষে
মোজা দুটোকে জুতা-যুগলের স্বজনপ্রীতিময় উদরে
বপুটাকে পোশাকের হিপোক্রেসিতে এবং শ্রেণীসংগ্রামের নামে,
সদেহমন সমর্পণ করছে না ডানে, না বামে
গোলামির গদগদ গুহার ভিতরে;

অমেরুদণ্ডী নপুংসকদের দিন এভাবেই শুরু।

দিনমান চাটুকারিতা শেষে বাজায়, আফিম টেনে,
বিদেহী আত্মার ডম্বরু;
সন্ধ্যা ঘনালে ছায়াবিপ্লবী ক্যাসিনোতে যায়...
রাত্রির অন্ধকার চাগিয়ে তোলে দ্বিচারিতা,
এরদোগান যেমন ইয়েমেনে। জতুগৃহের আড়ালে বসে, হিসেব কষেঃ
বিভীষণ ষড়যন্ত্রতায়

বিপ্লবী হওয়া এতই সহজ মনে কর বাছা?

এ নিদানকাল, সংরুদ্ধ সময় আপোষে আপোষে যারা পাপোষের সহোদর;
তারাই তো কষে বেঁধে কাছা
রপ্ত করবেঃ বাঁচার বৃহন্নলা বাহাদুরি!

তারা শুধু তারাই পাবেঃ আসন; পদবী, বীরের খেতাব, ঐশ্বরিক কদর
এবং অবশেষে কাল্ট করবে বিকৃত ইতিহাসে লুকোচুরি!!

অনন্ত সিংহ নিশি'র দুটি কবিতা

## অন্তর্বস্তুর জন্যে

মুখে হাসি, বুকে তেজ, পায়ে গতি,
হাঁটি আমি নীরবে নিভৃতে
কোনো এক জনবিরল প্রান্তরে।
দৃষ্টি এড়ায় বস্তুগত লোভলালসা থেকে,
বোধে পাওয়ার তাড়না অন্তর্বস্তুর সত্য-সুন্দর।
তারই মধ্যে দেখি
মাথার আকাশে একঝাঁক প্রজাপতি
চঞ্চল ডানা মেলে ঘুরে বেড়ায়
কোনো এক সাঁঝের মায়ায়।
ফিরে দেখি সান্ধ্য আকাশের শোভা,
অনেক তারার মাঝে এক ধ্রুবতারা,
তারই মাঝে চাঁদ।
ধ্রুবতারা-চাঁদ দিয়েছে সান্ধ্য ছায়ার শোভা,
দিনের নাহি।
দিনের শোভা দিনমণি,
দৃষ্টি দেবো কাল আমি।
তবুও হেঁটে বেড়াই জনবিরল প্রান্তরে
অন্তর্বস্তু পাওয়ার তাড়নায়।
পাবো কি-না জানি না,
জানে শুধু মহাকাল।

## দেখিতে চাই দেখিবারে দাও

তোমাকে দু'চোখ ভরে দেখিতে চাই।
তোমার অদেখায়
আমার বোধে এবং দু'নয়নে অতৃপ্তির বিমর্ষতা বাড়ায়।
আসিবে কবে বলো না আমায়,
একাকী কোন এক অজানা কোণে সময় বহিয়া যায়,
আছি তোমারই অপেক্ষায়।
করিবে না আমায় নিরাশ
রহিল আমার পূর্ণ আবেদন,
ফিরাও আঁখি আমার দিকে,
পূর্ণ করো আমার আমার অতৃপ্তি বোধ ও নয়নের।



CamScanner

রওশন আরা বাঁশি খৃৎহৈবম

# কেন পারিনি হতে প্রকৃতির মত নির্মল

আমি প্রতিদিন তোমাদের মাঝে থাকতে চাই
কেবল তোমাদের মাঝে তোমাদের হয়ে
আমার অন্য কোথাও যাওয়ার তাড়া নেই
তোমাদের মাঝেই খুঁজে পাই
আমার হারিয়ে যাওয়া পথ।

যখনই সামনে পা বাড়াই
তখন দেখতে পাই
এক নিঃসঙ্গ পাখির করুণ মৃত্যু!
কিংবা নদী পার হতে গেলে মনে হয় সম্মুখে সমুদ্র!
সারাটা জীবন আমি কাটিয়ে দিতে চাই
এই সবুজ বনভূমির বুকে
কৃষ্ণচূড়ার লাল আভা দেখে দেখে
আর জারুল ফুলের শান্ত মায়ায়।

এই চোখে এতো অশ্রু এতো মায়া ধারণ করেছি
এই শালবনকে ভালোবাসি কিনা!
কখনও কখনও এই নির্জন শূন্যতার মাঝে
পাই অসীম সুখ।
এই মনে এতো দাম্ভিক স্বেচ্ছাচারিতা হিংসাপরায়ণ
কেন?
কেন পারিনি হতে প্রকৃতির মত নির্মল
ক্ষমা করো প্রভু ক্ষমা করো।

১৮/০৫/২০২১



CamScanner

অনিতা সোরাইজম

## বেখেয়ালি মন

কোথায় যেন হেঁটে চলেছি,
চলতে চলতে হারিয়ে যাচ্ছি।
চেনা পথের অচেনা মোড়ে,
শূন্যতা ধরে গভীর ঘোরে।
একপা দুপা করে এগিয়ে যাই,
নিজেকে হঠাৎ শূন্যে হারাই।
আচমকা কিছু দমকা হাওয়ার স্পর্শ,
হয়তোবা ফিরে যাওয়ার সুপরামর্শ।
মিলিয়ে যায় এক মুঠো দীর্ঘশ্বাস,
শিশিরকণার ছোঁয়া নিয়ে প্রিয় সবুজ ঘাস।
কানে কানে বলে কিছু কথা মন্দ,
মেনেই নিলাম কবিতা, নাইবা মিললো ছন্দ।
দাঁড়িয়ে আছি শেষ বিকেলের সমারোহে,
নিঃসঙ্গতার মায়ায় নাকি সঙ্গের মোহে?



CamScanner

# গুণীজন সম্মাননা ২০২১

বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদের পথচলা শুরু হয়েছিল ১৯৭৫ খ্রিষ্টাব্দের ১১ মে তারিখে। প্রথমে এই সংগঠনের নাম ছিল 'পূজারী সাহিত্য সংসদ'। ১৯৭৭ খ্রিষ্টাব্দের জানুয়ারি মাসে সিলেট শহরের লামাবাজার মণ্ডপে অনুষ্ঠিত সংগঠনের দ্বিতীয় বার্ষিক অধিবেশনে সংগঠনের নাম পরিবর্তন করে 'বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ' রাখা হয় এবং প্রতিষ্ঠালগ্ন থেকেই এই নাম কার্যকর হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়।

১৯৭৯ সালে প্রথম বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদের পক্ষ থেকে গুণীজন সম্মাননার উদ্যোগ নেয়া হয়। আমাদের সমাজের বিভিন্ন স্তরে যারা গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন তাদেরকে নির্বাচিত করে মণিপুরি জাতির গুণীজন হিসেবে সম্মাননা জানানোর লক্ষ্যে এই কার্যক্রম হাতে নেয়া হয়। এখন পর্যন্ত যে সব গুণীজনদেরকে সম্মাননা জানানো হয়েছে, তারা হলেন–

## সম্মানিত গুণীজনেরা

**১৯৭৯**
১. শ্রী খোইরোম আমুজাউ সিংহ – মৃদঙ্গ
২. শ্রী মাইবম ললিত সিংহ – নট সংগীত
৩. শ্রী লৈচম্বম ব্রজধন সিংহ – সংস্কৃতি
৪. শ্রী মতি তোম্বোই দেবী – নট পালা

**১৯৮০**
১. শ্রী শেনজম তনু সিংহ – ক্রীড়া
২. শ্রী খাইদেম দ্বিজেন্দ্র সিংহ – ক্রীড়া

**১৯৮১**
১. শ্রী কাশীনাথ সিংহ – মৃদঙ্গ
২. শ্রী এম পুঙ্গি সিংহ – নট সংগীত
৩. শ্রী কোংখাম ধনঞ্জয় সিংহ – দোহার
৪. শ্রী এল সোনামনি সিংহ – সংস্কৃতি

১৯৮৯ ১. শ্রী হামোম গৌর সিংহ – মৃদঙ্গ
২. শ্রী য়েংখোম সোনাধন সিংহ – নট সংগীত
৩. শ্রী ফানজৌবম নিংথেম সিংহ – দোহার
৪. শ্রী শেনজম কামেশ্বর সিংহ – সংস্কৃতি
৫. শ্রী গুরুময়ুম অরবিন্দ শর্মা – ক্রীড়া
৬. শ্রী থোংখাতাবম নবকিশোর শর্মা – শিক্ষা
৭. মৌলভী আবদুস সামাদ – শিক্ষা

১৯৯২ ১. শ্রী কৈশাম তলেনমচা সিংহ – মৃদঙ্গ
২. শ্রী এল মিলাউ সিংহ – ক্রীড়া
৩. শ্রী রাধিকা সিংহ – ক্রীড়া
৪. জনাব আবদুল মালিক – শিক্ষা

১৯৯৭ ১. শ্রী খোমদ্রাম রাজমোহন সিংহ – কবিরাজ
২. শ্রী শেরাম নবকিশোর সিংহ – ধর্মীয় গ্রন্থ পাঠক
৩. শ্রী অহৈবম ভাগ্য সিংহ – সমাজসেবা
৪. শ্রী থোকচোম অনিল কিষণ সিংহ – সংস্কৃতি
৫. জনাব এমএ খালেক – শিক্ষা

২০০১ ১. শ্রী লোংজম ফুলবাবু সিংহ – সমাজসেবা
২. শ্রী মতি এস রীণা দেবী – সমাজসেবা
৩. শ্রী এল জয়চন্দ্র শর্মা – নট সংগীত

২০১২ **বিশেষ সম্মাননা**
১. জনাব এনায়েত হাসান মানিক – কবি ও ছড়াকার
২. কবি সুমিতা দত্ত – কবি, সংগঠক
৩. শ্রী এন যোগেশ্বর অপু – কবি ও চিত্র শিল্পী

২০১৮ ১. শ্রী মাইস্নাম গোলাপী সিংহ – ওয়ারিলীবা (গল্পকথক)
২. শ্রী হামোম অজিৎ – খোংজোম সংগীত

**২০২১**

বিগত বৎসরগুলোর ধারাবাহিকতায় এবার আমরা বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন এমন তিনজন গুণী ব্যক্তিকে নির্বাচন করেছি সংবর্ধনা প্রদানের জন্য। তাঁরা হলেন– ১. হাওরোংবম নীলমণি সিংহ (সংস্কৃতি), ২, মোইরাংথেম খির সিংহ (সমাজসেবা) এবং ৩. নীলধ্বজ সিংহ (শামুঙৌ) (মৃদঙ্গ)। তাঁদের সংক্ষিপ্ত জীবনী নিচে দেওয়া হলো–

## হাওরোংবম নীলমণি সিংহ



শ্রী হাওরোংবম নীলমণি সিংহের জন্ম সিলেট শহরের পশ্চিম প্রান্তে অবস্থিত এক মণিপুরী পাড়া লালাদিঘিরপাড়ে ১৯৫১ সালের ১৩ মার্চ তারিখে। লালাদিঘি নামে এক বিশাল দিঘি আছে, সেই দিঘির পশ্চিমপাড়ে লালাদিঘিরপাড় মণিপুরী পাড়ার অবস্থান। নীলমণি সিংহের পিতার নাম জীতেন্দ্র সিংহ এবং মাতা রূপবতী দেবী।

নীলমণি সিংহের বাড়ি লালাদিঘিরপাড় মণিপুরী পাড়ার মন্দির সংলগ্ন। প্রতিদিন সন্ধ্যায় পাড়ার মন্দিরে মৃদঙ্গ, ঝাল, কাঁসর সহ সন্ধ্যারতি হয়। এছাড়া ঝুলনযাত্রা, রথযাত্রা, মেরাপালি, দোলযাত্রা বা বিভিন্ন উপলক্ষ্যে মন্দির ও মণ্ডপে রাস, জয়দেবপালা বা কীর্তনাদি অনুষ্ঠানের আয়োজন হয়। এইসব অনুষ্ঠানের তাল-বাদ্য ও গানের সুর শৈশব-কৈশোর সময় থেকেই নীলমণি সিংহের উৎসুক হৃদয়কে আন্দোলিত করতো। আরেকটি বিষয় তাঁর হৃদয়ে সুর ও তালের প্রতি ভালোবাসা সৃষ্টিতে খুব প্রভাব বিস্তার করেছিল, সে ছিল তাঁর পিতা। নীলমনি সিংহের পিতা জীতেন্দ্র সিংহ খুব সংগীত অনুরাগী ছিলেন। তিনি বাঁশি, তবলা, হারমোনিয়াম, মৃদঙ্গ, করতাল ইত্যাদি বাজানোতে বেশ দক্ষ ছিলেন। প্রতি রাতেই দিনের সব কাজ সেরে ঘুমাতে যাওয়ার আগে নিজের মনে একান্তে এস্রাজ বাজাতেন। মন দিয়ে এস্রাজের তারের আন্দোলনে বিভিন্ন সুর তুলতেন। তারপর প্রিয় এস্রাজটি নির্দিষ্ট স্থানে ঝুলিয়ে রেখে প্রশান্ত মনে ঘুমোতে যেতেন। এই ঘটনা নীলমণি সিংহকে খুব প্রভাবিত করতো, স্বপ্নের মধ্যেও তিনি বাবার বাজানো এস্রাজের মধুর সুর শুনতেন। এভাবেই নীলমণি সিংহের হৃদয়ে সুর ও তালের এক স্বপ্নময় জগৎ সৃষ্টি হওয়া।

প্রাতিষ্ঠানিকভাবে গান শেখা শুরুর আগেই নীলমণি সিংহ মৃদঙ্গ, তবলা, হারমোনিয়াম ইত্যাদি বাজানো শিখে ফেলেন এবং পাড়ার বিভিন্ন অনুষ্ঠানে বাজাতে থাকেন। প্রাতিষ্ঠানিকভাবে তাঁর গান শেখা শুরু হয় ওস্তাদ হোসেইন আলীর কাছে। তাছাড়া পাকিস্তান আমলে সিলেটে 'সিলেট একাডেমি অব ফাইন আর্টস' (SAFA) নামে গানের একটি স্কুল ছিল, যার বর্তমান রূপ 'শিল্পকলা একাডেমি'। সেখানে তিনি ভর্তি হন গান শেখার জন্যে। গুটি কয়েকজন মাত্র ছিলেন ছাত্র। সেখানকার আরেকজন নামী শিক্ষক ছিলেন ওস্তাদ কামেশ্বর সিংহ। কিন্তু বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম শুরু হয়ে যাওয়ার প্রেক্ষাপটে গানের স্কুল বন্ধ হয়ে যায়। নীলমণি সিংহও আরো অনেকের সাথে মিলে রাস্তায় রাস্তায় ঘুরে দেশের গান, সংগ্রামী গান গেয়ে আন্দোলন-সংগ্রামে শরিক হয়েছেন। তারপর যুদ্ধ শুরু হলে প্রাণ বাঁচানোর তাগিদে ভারতের গৌহাটিতে চলে যান। সেখানে একটি গানের স্কুলে ভর্তি হন এবং মিউজিক কলেজের প্রফেসর শ্রী অনিমেষ দত্তের কাছে ক্ল্যাসিক্যাল সংগীত চর্চা শুরু করেন। এ সময়েই গানের একটি প্রতিযোগিতায় অংশ নেন তিনি। কাজী নজরুল ইসলাম এবং জ্যেতিপ্রসাদ বড়ুয়ার

জন্মতিথি উপলক্ষে আয়োজিত অল আসাম ভিত্তিক ওই প্রতিযোগিতায় নীলমণি সিংহ দ্বিতীয় স্থান অধিকারের গৌরব অর্জন করেন।

১৯৬৮ সালে রসময় মেমোরিয়েল হাই স্কুল থেকে এসএসসি পাশ করেন। ভর্তি হন মদনমোহন কলেজে ইন্টারমিডিয়েটে। কিন্তু মহান মুক্তিযুদ্ধ শুরু হয়ে যাওয়ায় এইচএসসি পরীক্ষা দেওয়া হয়নি। স্বাধীনতার পর দেশে ফিরে এসেও নানা অনিবার্যতার কারণে আর পড়াশোনা চালিয়ে যাওয়া সম্ভব হয়নি। এভাবেই প্রাতিষ্ঠানিক শিক্ষার সমাপ্তি ঘটে।

দেশ স্বাধীন হবার পর দেশে ফিরে এলে ওস্তাদ হোসেইন আলীর তত্ত্বাবধানে আবার গানের চর্চা শুরু করেন। এর কিছুকাল পর অনেকের অনুরোধে এবং কিছুটা আর্থিক প্রয়োজনেও গান শেখানোর টিউশনি শুরু করেন এবং এখনও তা অব্যাহত আছে। নীলমণি সিংহের অনেক কৃতী ছাত্র-ছাত্রী দেশে এবং আমেরিকা, লন্ডন, কানাডাসহ দেশের বাইরে অবস্থান করছেন।

বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ গঠিত হলে একসময় এই সংগঠনের সাংস্কৃতিক সম্পাদকের দায়িত্ব পালন করেন তিনি। তখন বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদের বিভিন্ন অনুষ্ঠানে সাংস্কৃতিক আয়োজনে গীতিনক্সা পরিবেশিত হতো। গীতিনক্সার কথা ও গান রচনা করতেন এ কে শেরাম আর গানগুলোতে সুরারোপ করতেন নীলমণি সিংহ। একবার এরকম এক অনুষ্ঠান নিয়ে বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ হবিগঞ্জ জেলার অন্তর্গত বিশগাঁও অঞ্চলে যায়। সেখানে নীলমণি সিংহের নেতৃত্বে গানের দলের পরিবেশিত গান ও গীতিনক্সা প্রচুর প্রশংসা কুড়িয়েছিল। সেই স্মৃতি নীলমণি সিংহের মনের মণিকোঠায় এখনও উজ্জ্বল হয়ে আছে। গানের অনুষ্ঠান সংক্রান্ত অনেক স্মৃতি নীলমণি সিংহ এখনও বয়ে বেড়ান। এর মধ্যে একটি উল্লেখযোগ্য স্মৃতি হলো সিলেট স্টেডিয়ামে 'অপরূপা '৭৭' নামের একজিবিশন অনুষ্ঠানে হাজার হাজার দর্শকের উপস্থিতিতে বিশাল মঞ্চে সমবেত কণ্ঠে মণিপুরী গান পরিবেশনা করা। সেখানে সংগীদের মধ্যে ছিলেন সখী দেবী, চন্দ্রা দেবী, তুলসী শর্মা, চন্দ্রমণি সিংহ, নীরেন সিংহ প্রমুখ।

১৯৭৬ সালে বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্রে শুরু হয় মণিপুরী অনুষ্ঠান 'মৃদঙ্গ'। সেখানে গান পরিবেশনা, গানে সুরারোপ, অনুষ্ঠান পরিচালনা থেকে শুরু করে অনুষ্ঠান সংক্রান্ত যাবতীয় কাজে যুক্ত ছিলেন নীলমণি সিংহ। এখনও সেই সব দায়িত্ব পালন করে যাচ্ছেন নিরলসভাবে।

নীলমণি সিংহ ১৯৯১ সালে লক্ষ্ণা দেবীকে বিয়ে করে সংসারজীবন শুরু করেন। তাদের তিন পুত্র নয়নমণি সিংহ, অয়নমণি সিংহ ও অঞ্জন সিংহ।



CamScanner

## মোইরাংথেম খির সিংহ



মোইরাংথেম খির সিংহের জন্ম সিলেট শহরের বাগবাড়ি এলাকায় ১৯৫১ সালের ২৫ নভেম্বর তারিখে। পিতা স্বর্গীয় লক্ষ্মী সিংহ, মাতা স্বর্গীয়া লৈরাংতোম্বী দেবী।

প্রায় ১২ বৎসর বয়সে তিনি মণিপুরী রাজবাড়িস্থ মটর ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপে মটর মেকানিজ্মের কাজ শেখার জন্য যোগ দেন। পরবর্তীতে নিজ উদ্যোগে শহরের সুবিদবাজার এলাকায় 'সিং ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস' নামের মটর রিপিয়ারিং ওয়ার্কশপ স্থাপন করেন। তারও বেশ কিছুদিন পরে তিনি শহরের রাজারগল্লিতে নিজ উদ্যোগে 'মটর ইঞ্জিনিয়ারিং ওয়ার্ক্স' নামের প্রতিষ্ঠান গড়ে তোলেন।

মোইরাংথেম খির সিংহ ১৯৭৩ সালে পুন্নি দেবীর সাথে বিবাহবন্ধনে আবদ্ধ হন। তাঁদের চার সন্তান, দুই পুত্র ও দুই কন্যা। প্রথম সন্তান কন্যা, সীমা দেবী। আরেক কন্যার নাম দশহরা দেবী। পুত্র কর্ণরেখা ও অমলেন্দু সিংহ। সন্তানদের সবাই সংসার জীবনে প্রবেশ করেছেন। এর মধ্যে প্রথম কন্যাসন্তান সীমা দেবী প্রয়াত হয়েছেন।

মোইরাংথেম খির সিংহ একজন সমাজসেবী। তিনি মণিপুরী সমাজের কল্যাণে কাজ করে চলেছেন। আন্তর্জাতিক মানবাধিকার দিবস ২০১৪ উপলক্ষে 'এথনিক কমিউনিটি ডেভেলপমেন্ট ওর্গেনাইজেশন' (একডো) শ্রী খির সিংহকে একজন মানবাধিকার কর্মী হিসেবে সম্মাননা জানান।

## শ্রী নীলধ্বজ সিংহ (শামুঙৌ)



ক্ষেত্রিময়ুম বংশের শ্রী নীলধ্বজ সিংহ (শামুঙৌ) এর পিতা প্রয়াত রমন সিংহ এবং মা লৈশঙ দেবী। নীলধ্বজ সিংহ (শামুঙৌ)-এর জন্ম মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলধীন ভানুবিল মাঝেরগাঁও গ্রামে ১৯৪৮ সালে ১ জানুয়ারি।

বাদ্যযন্ত্রের প্রতি দুর্বলতা ছোটবেলা থেকেই। পড়াশোনায় একদম মন বসত না। গ্রামের স্কুলে ৫ম শ্রেণি পর্যন্ত পড়ার পর পড়াশোনা করার সুযোগ আর হয়নি। ছোটবেলাতেই ওস্তাদ কৈশাম গৌরহরির কাছে প্রথম মৃদঙ্গবাদনের শিক্ষা নেন। আনুষ্ঠানিকভাবে প্রথমবারের মত বাজান বাশোক ঈশৈ-এ। এরপর এক এক করে বিভিন্ন অনুষ্ঠানের আমন্ত্রণ পেতে



CamScanner

থাকেন। গুরুকীর্তন, মহাসংকীর্তন, ধুমেন এমন বড় বড় অনুষ্ঠানে বেশ কয়েকবার বাজিয়েছেন। তাছাড়া দেশের বাইরে ভারতের ত্রিপুরা রাজ্যের সুরমা, কৈলাশহর, আগরতলা, হাইলাকান্দি, পাঞ্চাশি, হালালি ইত্যাদি স্থানে অনুষ্ঠিত বিভিন্ন অনুষ্ঠানে একাধিকবার বাজিয়েছেন। মৃদঙ্গ বাজানোতে উল্লেখযোগ্য ভূমিকা রাখায় এ পর্যন্ত মংগলপুর, নীলকুঠি ও মাধবপুর থেকে ৩ টি রৌপ্যপদকের সম্মাননা পেয়েছেন।

স্ত্রী সানাহনবি দেবী। ৪ কন্যা ও ১ পুত্র সন্তানের জনক। কন্যা মমতা দেবী ছোট ধামাইতে ও বিথি দেবী গৌরনগরে বিয়ে হয়ে সংসার করছে। মধুমিতা দেবী ঘরেই আছেন আর শিল্পা দেবী সিলেটের একটি বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি-তে অনার্স-মাস্টার্স সম্পন্ন করেছেন।



CamScanner

## স্থিরচিত্রে বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদের কার্যক্রম













CS CamScanner





CamScanner


& CULTURE 2011
Sylhet.
SYLHET

গুণীজন সংবর্ধনা
আলোচনা অনুষ্ঠান
সাংস্কৃতিক অনুষ্ঠান

**বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ**
৩৪/বি, লালাদিঘির পূর্বপাড়, সিলেট

**সূচি**
স্থান: মণিপুরী রাজবাড়ি মণ্ডপ, মির্জাজাঙ্গাল, সিলেট
২৪ সেপ্টেম্বর ২০২১; শুক্রবার, বিকেল ৪:৩০ মিনিট

* গুণীজন সংবর্ধনা
* আলোচনা অনুষ্ঠান
* সাংস্কৃতিক অনুষ্ঠান

**প্রধান অতিথি**
**প্রফেসর ড. রমা বিজয় সরকার**
চেয়ারম্যান, সিলেট শিক্ষা বোর্ড, সিলেট।

**বিশেষ অতিথি**
**আব্দুল্লাহ মোহাম্মদ তারিক**
আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট।

**অসিত বরণ দাশ গুপ্ত**
জেলা সাংস্কৃতিক কর্মকর্তা, শিল্পকলা একাডেমি, সিলেট

**সংবর্ধিতব্য গুণীজনেরা**
**শ্রী হাওরোংবম নীলমণি সিংহ**
লালাদিঘিরপাড়, সিলেট

**শ্রী মোইরাংথেম থির সিংহ**
বাগবাড়ি, সিলেট

**ক্ষেত্রিময়ুম শামুঙৌ সিংহ**
ভানুবিল মাঝেরগাঁও, কমলগঞ্জ, মৌলভীবাজার

**ইকাইখুম্নজরিবা,**
বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী ৪৬শুবা লিঙ্খৎখিবা নুমিৎকা মরী লৈননা ওজারেন ইকাইখুম্নবা উৎপগী থৌরম অমা শিল্লাংজরি। লাক্লিবা ২৪ সেপ্টেম্বর ২০২১, ইরাই নুমিৎতা পাঙথোক্কদবা ওজারেন ইকাইখুম্নবা উৎপগী থৌরমসিদা মরূপ-মপিজাশিংগা লোয়ননা মতম চানা লেংবিরক্তুনা শরূক য়াবিরনবা নোল্লক্রনা নিংশিংজরি।

**সুহৃদ,**
বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদের ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকীকে উপলক্ষ করে আমরা গুণীজন সংবর্ধনার আয়োজন করেছি। আগামী ২৪ সেপ্টেম্বর ২০২১, শুক্রবার অনুষ্ঠেয় এই গুণীজন সংবর্ধনা অনুষ্ঠানে সবান্ধবে এবং যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীত আমন্ত্রণ জানাচ্ছি।

বিনীত

**নামব্রম শংকর**
সাধারণ সম্পাদক

**এ কে শেরাম**
সভাপতি

**বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ**
৩৪/বি, লালাদিঘির পূর্বপাড়, সিলেট



CamScanner

**MEIRA**, 57th Issue, 24 September 2021
Published by Bangladesh Manipuri Sahitya Sangsad, Sylhet



CamScanner